



যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধবিরতি লঙ্ঘনের অভিযোগ ইরানের



ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘেই। ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যে সাম্প্রতিক উত্তেজনা ও যুদ্ধবিরতি ভাঙার ঘটনার জন্য সরাসরি যুক্তরাষ্ট্রকে দায়ী করেছে ইরান। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘেই বলেছেন, ইসরাইলের সামরিক কর্মকাণ্ডকে যুক্তরাষ্ট্রের নীতি ও সমর্থন থেকে আলাদা করে দেখার কোনো সুযোগ নেই।

এক সংবাদ সম্মেলনে তিনি দাবি করেন, ইসরাইলের সাম্প্রতিক হামলাগুলোর পেছনে যুক্তরাষ্ট্রের রাজনৈতিক ও সামরিক সমর্থন রয়েছে। তেহরানের ভাষ্য অনুযায়ী, ওয়াশিংটনের মদদ ছাড়া ইসরাইল এ ধরনের পদক্ষেপ নিতে পারত না।

রোববার লেবাননের রাজধানী বৈরুতের দক্ষিণাঞ্চলে ইসরাইলের হামলার পর পরিস্থিতি নতুন মোড় নেয়। ওই হামলার জবাবে উত্তর ইসরাইল লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র ছোড়ে ইরান। পরে ইরানের ইসলামিক বিপ্লবী গার্ড কর্পস (আইআরজিসি) জানায়, যুদ্ধবিরতি লঙ্ঘনের প্রতিক্রিয়াতেই এ হামলা চালানো হয়েছে।

এরপর সোমবার ইসরাইল পাল্টা হামলা চালিয়ে ইরানের কয়েকটি গুরুত্বপূর্ণ এলাকায় আঘাত হানে। তেহরান, তাবরিজ ও ইসফাহানসহ কয়েকটি শহরে বিস্ফোরণের শব্দ শোনা যায় বলে আন্তর্জাতিক গণমাধ্যম জানিয়েছে। যদিও তাৎক্ষণিকভাবে বড় ধরনের হতাহতের তথ্য পাওয়া যায়নি।

এদিকে পাল্টাপাল্টি হামলা ও কড়া বক্তব্যে মধ্যপ্রাচ্যের পরিস্থিতি আরও অস্থির হয়ে উঠেছে। ইরান হুঁশিয়ারি দিয়ে বলেছে, ভবিষ্যতে আগ্রাসন অব্যাহত থাকলে আরও কঠোর জবাব দেওয়া হবে।